



2011 ONTARIO  
BUDGET



## NEWS RELEASE

TURNING *the* CORNER  
TO A BETTER TOMORROW

MINISTRY of FINANCE

### অন্টারিওর অর্থনীতি ঘুরে দাঁড়াচ্ছে, চাকুরির ক্ষেত্র তৈরী করছে

ম্যাকগিন্টি সরকার শিক্ষা ও স্বাস্থ্য সেবা খাত রক্ষা করে ঘাটতি কমাচ্ছে

সংবাদ

মার্চ ২৯, ২০১১

২০১১ অন্টারিও বাজেট অন্টারিওর অর্থনৈতিক অবস্থা পুনরুদ্ধারে ম্যাকগিন্টি সরকারের চলমান ধারা সহায়ক। এই বাজেট শিক্ষা ও স্বাস্থ্য সেবা খাত রক্ষা করে ঘাটতি কমানোর দৃষ্টি নিবদ্ধতার নবায়ন করছে।

২০১০-১১-এর ঘাটতি হবে ১৬.৭ বিলিয়ন ডলার যা কিনা এক বছর আগে যা পূর্বাভাষ করা হয়েছিল তার থেকে ৩ বিলিয়ন ডলার কম। এর প্রধান কারণ ২০১০-১১-এর কর্মসূচী বাবদ খরচ ২০১০ বাজেটে প্রকাশিত পূর্বাভাষ থেকে ২.৬ বিলিয়ন ডলার কম।

২০১১ বাজেটের কৌশলগত বিনিয়োগুলোর মধ্যে আছে:

#### চাকুরি ও উন্নয়ন

- বেসরকারী শিল্প খাতের সাথে নতুন অংশীদারিত্ব অন্টারিওতে প্রায় ১০,০০০ চাকুরির ক্ষেত্র তৈরী ও সংরক্ষণ করবে
- নতুন রিস্ক ম্যানেজমেন্ট প্রোগ্রাম এবং সেক্স-ডিরেক্টেড রিস্ক ম্যানেজমেন্ট প্রোগ্রাম যা ভোজ্য কৃষি খাতের জন্য কাজ করে তা বাস্তবায়নের মাধ্যমে গরু-মহিষাদি, শূকর, ভেড়া ও ছোট গরু উৎপাদনকারী কৃষকদের সাহায্য করছে

#### শিক্ষা ব্যবস্থা সংরক্ষণ

- ২০১৫-১৬ নাগাদ অন্টারিওর কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোতে ৬০ হাজারের অধিক নতুন ছাত্র-ছাত্রীর স্থান। প্রতিটি যোগ্য অন্টারিওর ছাত্র-ছাত্রীর জন্য সেখানে স্থান থাকবে
- এই সেপ্টেম্বরে আরও ২০০টি বিদ্যালয়ে পূর্ণ দিবস কিন্ডারগার্টেন চালু হচ্ছে যাতে ৫০,০০০ পর্যন্ত শিশু উপকৃত হবে। বর্তমানে ৩৫,০০০ পর্যন্ত শিশুর জন্য প্রায় ৬০০টি বিদ্যালয়ে পূর্ণ দিবস কিন্ডারগার্টেন চালু আছে। সেপ্টেম্বর ২০১৪-এর মধ্যে এই ব্যবস্থা সব বিদ্যালয়ে চালু হবে

## স্বাস্থ্য সেবা সংরক্ষণ

- আরও প্রায় ৯০,০০০ স্তন্য ক্যান্সার স্ক্রীনিং পরীক্ষা করে যারা উচ্চ ঝুঁকিতে আছে সেই সব মহিলাদেরকে অন্তর্ভুক্ত করা
- একটি সমন্বিত মেন্টাল হেল্থ এন্ড এডিকশান স্ট্র্যাটেজি যা শিশু ও যুবকদের থেকে শুরু হয়
- যারা অন্টারিও ড্রাগ বেনিফিট প্রোগ্রামের মাধ্যমে ওষুধ সুবিধা গ্রহন করেন তাদের জন্য আরও ফার্মেসি সেবা ও সহায়তা প্রদান বৃদ্ধি করণ এবং বয়স্ক ও অন্যান্যদের সহযোগিতা যেমন প্রেক্ষিপশান অনুবর্তন পরামর্শ প্রদান

## দ্বায়িত্ব ব্যবস্থাপনা

অন্টারিওবাসীগণ শিক্ষা ও স্বাস্থ্য সেবায় যে অর্থনৈতিক উন্নয়ন ও অর্জন করেছে তার প্রতি কোন ঝুঁকি না নিয়ে ঘাটতি কমানোর জন্য সরকারকে অবশ্যই তার কার্যক্রমের আরও সংস্কার করতে হবে।

সাম্প্রতিক উদ্যোগসমূহ এবং যা এই বাজেটে ঘোষণা করা হয়েছে তাতে পরবর্তি তিন অর্থ বছরে প্রায় ১.৫ বিলিয়ন ডলার সঞ্চয় করতে সহায়ক হবে। অন্টারিওর পরিবারসমূহের জন্য কিছু নতুন ব্যবস্থা থাকছে যাতে জনসেবাসমূহ আরও সাধ্যের মধ্যে এবং কার্যকর হবে। এর মধ্যে আছে:

- বর্তমান সার্ভিসঅন্টারিও-এর সেবা ব্যবস্থা জনগনের জন্য সর্বাধিক অর্থবহ ও সেবা প্রদান করে কিনা তা নির্ধারণ করা
- বৃহত সংস্থাগুলোকে ২০১৩-১৪-এর মধ্যে ২০০ মিলিয়ন ডলার খরচ কমানোর নির্দেশ প্রদান
- পরবর্তি দুই বছরে নির্বাহী অফিসগুলো যারা নির্দিষ্ট ট্রান্সফার পেমেন্ট পায় তাদের অর্থায়ন স্থায়ী ভাবে শতকরা ১০ ভাগ কমানো। এটা বৃহত সকল সরকারী প্রতিষ্ঠানের জন্যও প্রযোজ্য
- এপ্রিল ২০১২ এবং মার্চ ২০১৪-এর মধ্যে অন্টারিও পাবলিক সার্ভিস (ওপিএস)-এর আকার কমিয়ে আরও ১,৫০০ পদ কমানো। এটা ২০০৯ বাজেটে ঘষিত ৩,৪০০ পূর্ণকালীন ওপিএস পদ কমানোর অতিরিক্ত
- কারা ব্যবস্থা আরও আধুনিকায়ন এবং কার্যকর করণ। ওয়েন সাউন্ড, ওয়াকারটন এবং সারিনাতে অবস্থিত স্বল্প ব্যবহৃত কারাগুলো বন্ধ করে এবং টরন্টো ওয়েস্ট ডিটেনশান সেন্টার আংশিক বন্ধ করে কার্যকারিতা অর্জন করা হবে। অবস্থানকারীদের নতুন, বৃহত ও অধিক কার্যকর কারাগারে বদালি করা হবে
- টরন্টো ওয়েস্ট কোর্টহাউজ নির্মাণ বাতিল যাতে পরবর্তি তিন বছরে নির্ধারিত অর্থ থেকে ১৮১ মিলিয়ন ডলার খরচ কমানো
- রিফর্ম অব অন্টারিওস পাবলিক সার্ভিসেস-এর উপর কমিশনটি স্থাপন করা যার সভাপতি সম্মানিত অর্থনীতিবিদ ডন ড্রুমন্ড। এটি ঘাটতি দূরীকনে আমাদের পরিকল্পনা ত্বরান্বিত করতে সহায়তা করবে এবং একই সাথে স্বাস্থ্য সেবা ও শিক্ষা খাত সমুল্লত রাখবে

২০১১ সালের বাজেট অর্থনীতি শক্তকরণ, চাকুরির ক্ষেত্র তৈরীর সংবর্ধন এবং গুরুত্বপূর্ণ জনসেবা সংরক্ষণ করতে ম্যাকগিন্টি সরকারের [ওপেন অন্টারিও পরিকল্পনার](#) উপর ভিত্তি করে করা হয়েছে।

## উদ্ধৃতিসমূহ

“আমাদের অধিকাংশদের জানা মতে বিশ্বব্যাপী ভয়ানক অর্থনৈতিক মন্দার দুই বছর পর অন্টারিওর অর্থনীতি ঘুরে দাঁড়াচ্ছে এবং চকুরি ফিরে আসছে। একটি অতি শিক্ষিত এবং দক্ষ জনবল অন্টারিওর অর্থনীতির উন্নয়ন করছে এবং বিনিয়োগ ও চাকুরি আকর্ষণ করছে।”

- ডুয়াইট ডানকান, অর্থমন্ত্রী

“শিক্ষা ও স্বাস্থ্য ব্যবস্থা সংরক্ষণ করে এবং অর্থনৈতিক উন্নয়ন ধরে রেখে ঘাটতি দূর করতে আমাদের একটি দ্বয়িত্বশীল পরিকল্পনা আছে। এর জন্য প্রয়োজন সরকার যে ভাবে কাজ করছে তার আরও সংস্কার যাতে আমরা অর্থের অপেক্ষাকৃত ভালো মূল্য পাই। অন্যথায় সর্বতভাবে কার্যক্রম কর্তন অন্টারিওবাসীগণ শিক্ষা এ স্বাস্থ্যখাতে যে ব্যাপক উন্নয়ন করেছে তা পিছিয়ে যাবে এবং প্রদেশের অর্থনৈতিক প্রতিযোগিতামূলকতাকে দুর্বল করে দিবে।”

- ডুয়াইট ডানকান, অর্থমন্ত্রী

## আরও জানুন

### [২০১১ অন্টারিও বাজেট পড়ুন।](#)

২০১১ অন্টারিও বাজেটের পটভূমি পড়ুন:

- [অন্টারিওর অর্থনৈতিক দৃষ্টিভঙ্গি এবং আর্থিক পরিকল্পনা](#)
- [দ্বয়িত্বশীল ব্যবস্থাপনা](#)
- [মজবুত শিক্ষা ও স্বাস্থ্য ব্যবস্থা একটি মজবুত অর্থনীতি সহায়ক](#)

২০১১ অন্টারিও বাজেটের উল্লেখযোগ্য অংশসমূহ পড়ুন:

- [সমস্যা পেরিয়ে অপেক্ষাকৃত সমৃদ্ধ আগামী](#)
- [শিশুদের মানসিক স্বাস্থ্য](#)
- [অন্টারিও কৃষকদের সাহায্য](#)

[সরকারের ওপেন অন্টারিও পরিকল্পনা সম্পর্কে আরও জানুন।](#)